আমিষেই শক্তি, আমিষেই মুক্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
মৎস্য ভবন, রমনা, ঢাকা
বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন শাখা
www.fisheries.gov.bd



স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.০০০.১১২.৭০.০০০১.২৫.১০৭

তারিখ: ২ কার্তিক ১৪৩৩ / ১৮ অক্টোবর ২০২৬

বিষয়: **মৎস্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (৩য় পর্যায়)" এর আওতায় বাস্তবায়িত প্রদর্শনী খামার ও গৃহস্থলি কাজে ব্যবহৃত পুকুরসমূহে দেশীয় প্রজাতির ছোট মাছ চাষ প্রদর্শনীর মাছ উৎপাদনের তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র: প্রকল্প পরিচালক, ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (৩য় পর্যায়) এর স্মারক নং-৩৩.০২.০০০০.০০০.৯৬৬.২৬.০০০১.২৫.৫৪৪, তারিখ: ১১/১০/২০২৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মৎস্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (৩য় পর্যায়)" এর ওপর গত ১৭/০৯/২০২৬ তারিখে অনুষ্ঠিত প্রকল্প বাস্তবায়ন কমিটি'র (পিআইসি) সভায় "প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের ফলে মাছের উৎপাদন ভিত্তি বছরের (২০২২-২৩ অর্থবছর) তুলনায় বিগত এক বছরে কত শতাংশ বৃদ্ধি পেয়েছে তা পরবর্তী পিআইসি সভায় উপস্থাপন করতে হবে" মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের আলোকে অত্র প্রকল্পের আওতায় ২০২৫-২৬ অর্থবছরে বাস্তবায়িত প্রদর্শনীসমূহের মাছের উৎপাদন সংক্রান্ত তথ্যাদি সংগ্রহের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রকল্প পরিচালক অনুরোধ করেছেন।

০২। এমতাবস্থায়, প্রকল্প বাস্তবায়ন কমিটির (PIC) সিদ্ধান্ত মোতাবেক প্রকল্পভুক্ত সংশ্লিষ্ট বিভাগীয় পরিচালক ও জেলা মৎস্য কর্মকর্তাগণকে বর্ণিত প্রকল্পের আওতায় বাস্তবায়িত প্রদর্শনী খামার এবং গৃহস্থলি কাজে ব্যবহৃত পুকুরসমূহে দেশীয় প্রজাতির ছোট মাছ চাষ প্রদর্শনীর মাছের উৎপাদন সংক্রান্ত তথ্যাদি সংযুক্ত ছক মোতাবেক প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

সংযুক্তিঃ
(১) সংযুক্তিসমূহ

১৮-১০-২০২৬
ড. মোঃ খালেদ কনক
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)
ফোন : ০২২২৬৬৬৪২১২৬
ইমেইল : dg@fisheries.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। পরিচালক মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা/চট্রগ্রাম বিভাগ, চট্রগ্রাম/রাজশাহী বিভাগ, রাজশাহী/খুলনা বিভাগ, খুলনা/সিলেট বিভাগ, সিলেট/রংপুর বিভাগ, রংপুর/বরিশাল বিভাগ, বরিশাল/ময়মনসিংহ বিভাগ, মংমনসিংহ।
২। জেলা মৎস্য কর্মকর্তা, (সকল)।

তারিখ: ২ কার্তিক ১৪৩৩
১৮ অক্টোবর ২০২৬

স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.০০০.১১২.৭০.০০০১.২৫.১০৭/১ (৩)

সদয় জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।

২। পরিচালক (প্রশাসন/অভ্যন্তরীণ মৎস্য/প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিকল্পনা ও জরিপ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।

৩। প্রকল্প পরিচালক,ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (৩য় পর্যায়), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।

১৯-১০-২০২৬
সরকার আনোয়ারুল কবীর আহমেদ
উপপরিচালক

প্রদর্শনী খামার, সহযোগী চাষি ও গৃহস্থলি কাজে ব্যবহৃত পুকুরসমূহে দেশীয় প্রজাতির ছোট মাছ চাষ প্রদর্শনীর মাছ উৎপাদনের তথ্যাদি প্রেরণের ছক:

বিভাগ: **জেলা:** **অর্থ বছর: ২০২৫-২০২৬**

ক্র. নং	উপজেলা	চাষির নাম	চাষির ঠিকানা (গ্রাম+ইউনিয়ন)	চাষির মোবাইল নম্বর	চাষির ধরণ			পুকুরের আয়তন (শতাংশ)	উৎপাদন (মে.টন/হেক্টর)		মন্তব্য
					মৎস্যচাষ প্রদর্শনী চাষি (RD)	সহযোগী চাষি (FF)	গৃহস্থলি প্রদর্শনী চাষি		বেজলাইন উৎপাদন (২০২২-২৩) অর্থবছর	বার্ষিক উৎপাদন (২০২৫-২৬) অর্থবছর	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২
১.											
২.											
৩.											
৪.											
৫.											
৬.											
৭.											

* নোট: যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ওয়ার্ড কপি ও পিডিএফ কপি **pdunion3p@fisheries.gov.bd** মেইল এ জরুরি ভিত্তিতে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

নমুনা ছক

প্রদর্শনী খামার, সহযোগী চাষি ও গৃহস্থলি কাজে ব্যবহৃত পুকুরসমূহে দেশীয় প্রজাতির ছোট মাছ চাষ প্রদর্শনীর মাছ উৎপাদনের তথ্যাদি প্রেরণের ছক:

বিভাগ: ঢাকা **জেলা: ঢাকা** **অর্থ বছর: ২০২৫-২০২৬**

ক্র. নং	উপজেলা	চাষির নাম	চাষির ঠিকানা (গ্রাম+ইউনিয়ন)	চাষির মোবাইল নম্বর	চাষির ধরণ			পুকুরের আয়তন (শতাংশ)	উৎপাদন (মে.টন/হেক্টর)		মন্তব্য
					মৎস্যচাষ প্রদর্শনী চাষি (RD)	সহযোগী চাষি (FF)	গৃহস্থলি প্রদর্শনী চাষি		বেজলাইন উৎপাদন (২০২২-২৩) অর্থবছর	বার্ষিক উৎপাদন (২০২৫-২৬) অর্থবছর	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২
১.	**ধামরাই**	**মোঃ করিম**	**কালামপুর, সানোড়া**	**০১৯২৮****০০**	RD	-	-	**৩৫**	**উৎপাদন লিখুন**	**উৎপাদন লিখুন**	
২.	ধামরাই	মোঃ রহিম	হাটিপাড়া, ভাড়ারিয়া	০১৭২১****৬৪	-	FF	-	২০	উৎপাদন লিখুন	উৎপাদন লিখুন	
৩.	ধামরাই	মো: ছানোয়ার হোসেন	ললিতনগর, সুয়াপুর	০১৮৫৮****৬৩	-	FF	-	৩৩	উৎপাদন লিখুন	উৎপাদন লিখুন	
৪.	ধামরাই	মোঃ ইস্রাফিল	ললিতনগর, সুয়াপুর	০১৯৪৭****৮৭	-	FF	-	৩৩	উৎপাদন লিখুন	উৎপাদন লিখুন	
৫.	ধামরাই	মোঃ পারভেজ	কুরুঙ্গী, সুয়াপুর	০১৬২০****৭৬	-	FF	-	৫০	উৎপাদন লিখুন	উৎপাদন লিখুন	
৬.	ধামরাই	মো: রফিক	চাউনা, নান্নার	০১৯৩২****৪০	-	FF	-	২০	উৎপাদন লিখুন	উৎপাদন লিখুন	
৭.	**ধামরাই**	**মো: মিজানুর রহমান**	**হাটিপাড়া, ভাড়ারিয়া**	**০১৭৮২****৬৫**	-	-	**গৃহস্থলি প্রদর্শনী**	**১০**	**উৎপাদন লিখুন**	**উৎপাদন লিখুন**	
৮.	ধামরাই	মোসা: রৌশন আরা	নওগাঁও, সোমবাগ	০১৭৩০****২৯	-	-	গৃহস্থলি প্রদর্শনী	১৫	উৎপাদন লিখুন	উৎপাদন লিখুন	
৯.	ধামরাই	রুনা বেগম	চাউনা, নান্নার	০১৭৬১****৯৩	-	-	গৃহস্থলি প্রদর্শনী	৮	উৎপাদন লিখুন	উৎপাদন লিখুন	
১০.	ধামরাই	সানজিদা আক্তার	বিলকুশনাই, যাদবপুর	০১৭৯০****৪১	-	-	গৃহস্থলি প্রদর্শনী	১২	উৎপাদন লিখুন	উৎপাদন লিখুন	
১১.	ধামরাই	মরিয়ম	পাইছাইল,বাইশাকান্দা	০১৮২৬****৬৫	-	-	গৃহস্থলি প্রদর্শনী		উৎপাদন লিখুন	উৎপাদন লিখুন	

আমিযেই শক্তি, আমিযেই মুক্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
মৎস্য ভবন, রমনা, ঢাকা
বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন শাখা
www.fisheries.gov.bd

মৎস্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন 'ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (৩য় পর্যায়)' এর প্রকল্প বাস্তবায়ন কমিটি'র (পিআইসি) ৫ম সভার কার্যবিবরণী

সভাপতি	ড: মোঃ খালেদ কনক মহাপরিচালক (ভারপ্রাপ্ত)
সভার তারিখ	১৭/০৯/২০২৬ খ্রি.
সভার সময়	বেলা ১২.০০ ঘটিকা
স্থান	সম্মেলন কক্ষ (২য় তলা), মৎস্য অধিদপ্তর মৎস্য ভবন, ঢাকা
উপস্থিতি	সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত করা হলো

২.০। উপস্থাপনা ও আলোচনা:

২.১। সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি 'ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (৩য় পর্যায়)' শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালককে সভার আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে প্রকল্প পরিচালক Power Point Presentation এর মাধ্যমে প্রকল্পের সার্বিক অগ্রগতি ও সভার আলোচ্যসূচী উপস্থাপন করেন। প্রকল্প পরিচালক তাঁর উপস্থাপনায় জানান যে, আলোচ্য প্রকল্পটি ৪৯৭৪.০০ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি অর্থায়নে, ৮টি বিভাগের ৬১টি জেলার ৪৬৯টি উপজেলায়) ব্যয়ে জুলাই ২০২৫ হতে জুন ২০২৮ খ্রি. মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্প সংশ্লিষ্ট এলাকায় নির্বাচিত ইউনিয়নসমূহের স্থানীয় মৎস্যচাষিদের অংশগ্রহণ নিশ্চিত করে উন্নত মৎস্যচাষ প্রযুক্তি সম্প্রসারণের মাধ্যমে চাষকৃত মাছের উৎপাদন ভিত্তি বছরের (২০২২-২০২৩) তুলনায় ১৫% বৃদ্ধি; গৃহস্থালী কাজে ব্যবহৃত ছোট ছোট পুকুরে নিউট্রিশন সেনসেটিভ মৎস্যচাষ জনপ্রিয়করণের মাধ্যমে পারিবারিক পুষ্টি চাহিদা পূরণ ও গ্রামীণ নারীদের আয় বৃদ্ধি- এ উদ্দেশ্যসমূহ অর্জনের লক্ষ্যে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। তিনি জানান যে, চলতি ২০২৬-২৭ অর্থবছরের এডিপি'তে প্রকল্পের অনুকূলে ১৬০৭.০০ লক্ষ টাকা বরাদ্দ এর বিপরীতে ১ম ত্রৈমাসিকে ৪০১.৭৫ লক্ষ টাকা অর্থছাড় হয়েছে এবং আগস্ট, ২০২৬ পর্যন্ত ৭.৭৮ লক্ষ টাকা ব্যয় হয়েছে যা প্রাপ্ত বরাদ্দের ১.৩০%। প্রকল্পটির আগস্ট ২০২৬ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ১৫২৮.০২ লক্ষ টাকা যা প্রাক্কলিত ব্যয়ের ৩০.৭২ শতাংশ।

২.২। প্রকল্প পরিচালক সভায় জানান যে, ২০২৬-২৭ অর্থবছরে এডিপি শতভাগ বাস্তবায়নের জন্য মাঠ পর্যায়ে বরাদ্দ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। ইতোমধ্যে ৯১টি উপজেলায় ১৮২০ জন সুফলভোগীকে প্রশিক্ষণ প্রদানের জন্য বরাদ্দ প্রদান করা হয়েছে। প্রদর্শনী স্থাপনের নিমিত্ত বরাদ্দ প্রদান কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। তিনি আরো জানান, চলতি অর্থবছরে প্রকল্পভূক্ত নির্বাচিত উপজেলাসমূহে ৭১৬টি মৎস্যচাষ প্রদর্শনী স্থাপন এবং গৃহস্থলী কাজে ব্যবহৃত পুকুরসমূহে ৯৪২টি দেশীয় ছোট মাছ চাষ প্রদর্শনী স্থাপন করা হবে।প্রদর্শনী চাষি, সহযোগি চাষি, দক্ষ শ্রমিক ও উদ্যোক্তাদের ২৯২ ব্যাচে প্রশিক্ষণ প্রদান করা হবে।

২.৩। প্রকল্প পরিচালক জানান, প্রকল্পের আওতায় রেডি টু কুক/ইট প্রোডাক্ট তৈরির নিমিত্ত উদ্যোক্তা তৈরিতে ইতোমধ্যে ৬১টি জেলায় পত্র প্রেরণ করা হয়েছে এবং মাছ বাজারে ফিস কাটিং ও প্রসেসিং এ কাটিং মেশিন স্থাপনের নিমিত্ত উপযোগী মাছবাজার নির্বাচনের জন্য বাজার সিলেকশন কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া সভায় সুফলভোগী নির্বাচন বিষয়ে আলোচনা করা হয়।

২.৪। অর্থ বিভাগের প্রতিনিধি সভায়, মাছের উৎপাদন ভিত্তি বছরের (২০২২-২৩) তুলনায় প্রকল্প চলাকালীন বিগত এক বছরে কত শতাংশ বৃদ্ধি পেয়েছে সে বিষয়ে জানতে চান। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

২.৫। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিকল্পনা ও জরিপ) সভায় জানান যে, প্রকল্পের সকল কার্যক্রম মনিটরিং করতে হবে এবং কার্যক্রম বাস্তবায়নের পূর্বে সংশ্লিষ্ট শাখাকে অবহিত করতে হবে। এছাড়া সভায় প্রকল্পের আওতায় নির্ধারিত কেন্দ্রীয় অবহিতকরণ কর্মশালা দ্রুত আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়।

৩.০। সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

৩.১। প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের ফলে মাছের উৎপাদন ভিত্তি বছরের (২০২২-২৩) তুলনায় বিগত এক বছরে কত শতাংশ বৃদ্ধি পেয়েছে তা পরবর্তী পিআইসি সভায় উপস্থাপন করতে হবে।

৩.২। প্রকল্পের কার্যক্রম শতভাগ বাস্তবায়নে মাঠ পর্যায়ে মনিটরিং বৃদ্ধি করতে হবে।

৩.৩। প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নকালীন মৎস্য অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাগণের উপস্থিতি নিশ্চিত করতে হবে।

৩.৪। সংশ্লিষ্ট বাজার কমিটির সুপারিশের আলোকে উপজেলা কমিটির সিদ্ধান্ত মোতাবেক মৎস্য বাজারে ফিস কাটিং মেশিন স্থাপন কার্যক্রম

বাস্তবায়ন করতে হবে।

৩.৫। প্রকল্পের আওতায় নির্ধারিত কেন্দ্রীয় অবহিতকরণ কর্মশালা দ্রুত আয়োজন করতে হবে।

৪.০। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩-০৯-২০২৬
ড. মোঃ খালেদ কনক
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)
ফোন : ০২২২৬৬৬৪২১২৬
ইমেইল : dg@fisheries.gov.bd

তারিখ: ৮ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
২৩ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

নম্বর: ৩৩.০২.০০০০.০০০.১১২.৭০.০০০১.২৫.৮৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বংলা নগর, আগারগাঁও, ঢাকা।
২। মহাপরিচালক, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন সেন্টর-৬, (আইএমইডি) পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
৩। প্রধান (কৃষি, পানিসম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ), বন, মৎস্য ও প্রাণিসম্পদ উইং পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব, পরিকল্পনা উইং, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। প্রধান, প্রোগ্রামিং বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
৬। যুগ্ম প্রধান, এনইসি একনেক এবং সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
৭। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিকল্পনা ও জরিপ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। উপপরিচালক (বাস্তবায়ন), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
১০। উপপরিচালক (পরিকল্পনা), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
১১। প্রকল্প পরিচালক, ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (৩য় পর্যায়), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
১২। মহাপরিচালকের স্টাফ অফিসার, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৩-০৯-২০২৬
সরকার আনোয়ারুল কবীর আহমেদ
উপপরিচালক